বিষয় কোড: | ১ | ০ | ১ |

# বাংলা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘন্ট ১০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে **দু**'টি করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো **একটি** উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১.▶ একই বিদ্যালয়ে পড়ার সুবাদে সজীব ও শামীমের মধ্যে বন্ধুত্ব। ধনী পরিবারের ছেলে হলেও সজীব সবাইকে আপন করে নিত। শামীম কত দিন যে সজীবের টিফিনে ভাগ বসিয়েছে তার হিসেব নেই। তারপর কর্মক্ষেত্রে প্রবেশ করায় বহুদিন তাদের দেখা হয়নি। একদিন শামীম জনাতে পারে সজীবের অসুস্থতার কথা। পুরনো দিনের কথা মনে করে স্মৃতিকাতর হয়ে পড়ে শামীম; ছুটে যায় সজীবের কাছে। জানতে পারে সজীবের আরো করুণ অধ্যায়।

ক. 'যময়াজ' শব্দটির অর্থ কী? ১

খ. 'মেয়ে মানুষ জিজ্ঞাসা করে,ভয় করবে না তো।'-উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সজীবের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে এবং কেন তুমি সাদৃশ্যপূর্ণ মনে করো? ৩

ঘ. 'উদ্দীপকে 'বিলাসী' গল্পের আংশিক প্রতিফলন ঘটেছে'- মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

২.▶ উষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত
আমরা টুটাব তিমির রাত
বাধার বিন্ধ্যাচল।

ক. কবির স্বভাব কার মতো? ১

খ. 'বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না'- কেন? ২

গ. উদ্দীপকের দুটি চরণের সাথে 'যৌবনের গান' প্রবন্ধের তরুণদের যে সাদৃশ্য রয়েছে তা আলোচনা করো। ৩

ঘ. 'উদ্দীপকের মূলভাবই প্রকাশিত হয়েছে 'যৌবনের গান' প্রবন্ধে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩.▶ জুয়েল আইচ বাংলাদেশের একজন নামকরা জাদুকর। কেবল দেশেই নয়, বিদেশেও তিনি জাদু দেখিয়ে দর্শকদের অভিভূত করেছেন। তিনি কোনো সঙ্গীতজ্ঞ নন, তবুও মাঝে মাঝে তিনি বাঁশি বাজান। তাঁর বাঁশি শুনে দর্শকরা মোহিত হন।

ক. সাহিত্যের উদ্দেশ্য কী? ১

খ. শিক্ষকের মনোভাব কবির মনোভাবের বিপরীত কেন? ২

গ. জুয়েল আইচের সাথে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের কার সঙ্গে মিল আছে আলোচনা করো। ৩

ঘ. 'আদর্শ প্রচার কেন মহৎ সাহিত্যের উদ্দেশ্য হতে পারে না 'উদ্দীপকের আলোকে 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অনুসরণে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ আমার ভাষা তোমার ভাষা
মায়ের ভাষা বাংলা ভাষা
আমার আশা তোমার আশা
সবার আশা বাংলা ভাষা
এই ভাষাতেই কাঁদি হাসি
এই ভাষাতেই ভালবাসি
ভালোবাসার বারোমাসী
গদ্যেগানে কাব্য কলায়
ফুটিয়ে তুলি রাশি রাশি।

ক. 'বঙ্গভাষা' কবিতাটি কোন ছন্দে রচিত? ১

খ. 'মাতৃভাষা রূপখানি পূর্ণমণিজালে' চরণটিতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের ভাববস্তুর সাথে 'বঙ্গভাষা' কবিতার কোন দিকটির সাদৃশ্য রয়েছে-বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের কবিতাংশের সাথে 'বঙ্গভাষা' কবিতায় একটি তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৫. ▶ "শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
কোন বনেতে জানিনে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন গগনে উঠেরে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখজুড়ালো,
ঐ আলোতেই নয়ন রেখে মুদব নয়ন শেষে।"

ক. দেহের উপমা কিসের মতো? ১

খ. 'আমার পূর্ব বাংলা' কবিতা থেকে একটি চিত্রকল্পের শিল্প সৌন্দর্য নির্ণয় করো। ২

গ. উদ্দীপকের কবিতাংশের সাথে 'আমার পূর্ব বাংলা' কবিতাটির সাদৃশ্য নির্দেশ করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'আমার পূর্ব বাংলা' কবিতায় বিধৃত কবির সৌন্দর্য চেতনা ও ঐতিহ্য সচেতনতার পরিচয় দাও। ৪

৬. ▶ মহাকাল হবে যাহা জরাজীর্ণ দীর্ণ পুরাতন,
কালজয়ী সেই সত্য, মাথা নিত্য ক্ষয়হীন দীপ্ত চিরন্তন।
কীর্তি যার সুমহান, সত্য পূত যার মহাপ্রাণ
মৃত্যু যার শ্রদ্ধাভরে এনে দেয় প্রচুর সম্মান।

ক. খরপরশা শব্দের অর্থ কী? ১

খ. 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি' কথাটি দিয়ে কৃষকের কোন মনোভাব ব্যক্ত করা হয়েছে? ২

গ. উদ্দীপকের কোন দুই চরণ 'সোনার তরী' কবিতার কোন কোন চরণের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সোনার তরী' কবিতায় যে জীবনদর্শন ব্যক্ত হয়েছে, উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ

৭. ▶ নিত্য কলহের জের ধরে স্বামীর সংসার থেকে বাবার বাড়ি ফিরে আসে সন্তানহীনা জমিলা। খুব সাধারণ পারিবারিক জীবনের স্বপ্ন যখন ভেঙে যায় তখন ভেতরে ভেতরে ক্ষুব্ধ হয়ে ওঠে সে। পৃথিবীর প্রতিটি সুখের সংসারকে ক্রোধের আগুনে পুড়িয়ে খাক করে দেয়ার ইচ্ছে তার মনে জাগে।

ক. কপিলার স্বামীর নাম কী? ১

খ. পদ্মানদীর মাঝি কি ধরনের সামাজিক উপন্যাস? ২

গ. উদ্দীপকের জমিলা চরিত্রের সাথে পদ্মানদীর মাঝি উপন্যাসের কোন চরিত্রের মিল আছে বলে তুমি মনে করো? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. উদ্দীপকের জমিলা আমাদের সমাজেরই এক বাস্তব নারী চরিত্র, উপন্যাসের যৌক্তিক চরিত্রের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮. ▶ সাহিত্যে এমন কিছু চরিত্রের সন্ধান পাওয়া যায় যারা সবার কাছেই নিগ্রহ পেয়ে থাকে। জীবন যাদের ঠকায় স্বয়ং লেখকও যদি। তাদের ঠকান, তাহলে তা হয়ে ওঠে নির্মম, মর্মস্পর্শী, শরৎ সাহিত্যে এ জাতীয় চরিত্রের দেখা বেশি মেলে। অন্নদা দিদি, মৃণাল, রাজলক্ষী, এ জাতীয় চরিত্র।

ক. আমিনদ্দির মেয়ের নাম কী? ১

খ. 'অন্ধকারে যে বাস করে মৃদু আলোতে তাহার চোখ ঝলসাইয়া যায়' ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মন্তব্যটি 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কোন চরিত্রের জন্য প্রযোজ্য? বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'পদ্মানদী মাঝি' উপন্যাস অবলম্বনে জেলেদের জীবন চরিত্রের পরিচয় দাও। ৪

৯. ▶ সালমানপুর একটি ছোট গ্রাম। এখানে দরিদ্র চাষীদের বাস। হঠাৎ বহিপীর নামে এক ব্যক্তির আগমন ঘটে। গ্রামের একজনের আশ্রয়ে সে গ্রামে তার স্থান পাকাপোক্ত করে নেয়। সবার কাছে সে রহস্যময়। সে বিত্তবান। অথচ তার আয়ের উৎস সম্পর্কে কেউ কিছু জানে না।

ক. হোসেন মিয়ার উপনিবেশে লোকসংখ্যা কত? ১

খ. রাসু ময়নাদ্বীপে থেকে পালিয়ে এসেছিল কেন? ২

গ. উদ্দীপকের বহিপীরের সাথে হোসেন মিয়ার সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের হোসেন মিয়ার রহস্যময়তার পরিচয় দাও। ৪

# বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

**সময় — ৪০ মিনিট** **পূর্ণমান — ৪০**

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. মসির্য়া শব্দের অর্থ কী?**
ক) শোকগাথা খ) শোকগীতি
গ) ক্রন্দন ধ্বনি ঘ) প্রচলিত গীতি

**২. রাত পোহাবার কত দেরি, পাঞ্জেরি? এ চরণের মাধ্যমে জাতির পথপ্রদর্শককে কবি–**
i. উদ্বেগ প্রকাশ করেছেন ii. তাগিদ দিয়েছেন
iii. বাধা দিয়েছেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. কথা কস নাকো, জাগিয়া উঠিবে ঘুম-ভোলা মোর যাদু। এ 'যাদু' কে?**
ক) বৃদ্ধের ছেলে খ) ছেলের বউ
গ) নাতনী ঘ) মেয়ে

**৪. 'কবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থে সংকলিত হয়েছে?**
ক) হাসু খ) রাখালী গ) বালুচর ঘ) ধানক্ষেত

**৫. "জনগণের জন্য জনগণের দ্বারা নির্বাচিত জনগণের সরকারই হলো গণতান্ত্রিক সরকার"– এটি কার কথা?**
ক) এরিস্টোটলের খ) গার্ণারের
গ) আব্রাহাম লিংকনের ঘ) ম্যাকিয়াভেলির

**৬. কত সালে দুর্নীতি প্রতিরোধ আইন প্রণয়ন করা হয়?**
ক) ১৮৪৭ সালে খ) ১৯৪৭ সালে
গ) ১৮৪৬ সালে ঘ) ১৯৬৬ সালে

**৭. দুর্নীতি কীভাবে জাতিকে অন্ধকারে নিক্ষেপ করে?**
ক) মানুষকে হতাশ করে খ) নিয়মনীতি ভঙ্গ করে
গ) নৈতিকতা ধ্বংস করে ঘ) অন্যায় কাজ করিয়ে

**৮. দুর্নীতি প্রতিরোধ করার অর্থ হলো–**
i. দুর্নীতি হতে না দেয়া
ii. দুর্নীতির জন্য শাস্তির বিধান করা
iii. দুর্নীতি করার পথগুলো বন্ধ করে দেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. 'উদাত্ত পৃথিবী কাব্যগ্রন্থটির রচয়িতার নাম কী?**
ক) সুফিয়া কামাল খ) ফররুখ আহমদ
গ) সৈয়দ আলী আহসান ঘ) শামসুর রাহমান

**উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
কেউ ভোলে আর কেউ ভোলে না
অতীত দিনের স্মৃতি
কেউ দুঃখ লয়ে কাঁদে
কেউ ভুলিতে গায় গীতি

**১০. উদ্দীপকের ভাবটি কোন রচনার সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক) একটি তুলসী গাছের কাহিনী
খ) কলিমদ্দি দফাদার
গ) তাহারেই পড়ে মনে ঘ) আমার পূর্ব বাংলা

**১১. 'কেউ ভুলিতে গায় গীতি' উদ্দীপকে উল্লিখিত স্মৃতিকাতর ভাবের সরাসরি প্রকাশ কার মধ্যে অনুপস্থিত।**
ক) বৃদ্ধ দাদুর খ) সুফিয়া কামালের
গ) পিতার ঘ) তপুর বন্ধুদের

**১২. জহির রায়হান ছিলেন?**
i. গল্পকার ii. ঔপন্যাসিক
iii. চলচ্চিত্রকার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. তপুর মৃত্যুর তারিখ–**
ক) ২০ ফেব্রুয়ারি খ) ২১ ফেব্রুয়ারি
গ) ২৫ ফেব্রুয়ারি ঘ) ২৬ ফেব্রুয়ারি

**১৪. বেগম রোকেয়ার মতে নারী জাগরণের মূল উদ্দেশ্য কী?**
ক) নারীর উদ্দেশ্য বাস্তবায়ন
খ) নারীর প্রাপ্য বুঝে নেয়া
গ) সমাজের কুসংস্কার দূর করা
ঘ) সমাজের অগ্রগতি

**১৫. 'রাঘভকর্ন' শব্দের অর্থ কী?**
ক) হাতির কান খ) গাধার কান
গ) ঘোড়ার কান ঘ) গরুর কান

**১৬. 'লীলাভূমি' শব্দটির আভিধানিক অর্থ–**
i. গোচারণ ভূমি ii. ক্রীড়াক্ষেত্র
iii. বিচরণ স্থান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৭. "ন্যায্য অধিকারস্বত্ব এক কথা, অন্যায়ের ওপর ভাগ্যলাভ অন্য কথা কোন রচনার অংশ?**
ক) বিলাসী খ) কলিমদ্দিন দফাদার
গ) একটি তুলসী গাছের কাহিনী
ঘ) একুশের গল্প

**১৮. সৈয়দ ওয়ালীউল্লাহ বিরচিত 'সুড়ঙ্গ' একটি–**
ক) নাটক খ) উপন্যাস গ) প্রবন্ধ ঘ) কাব্যগ্রন্থ

**১৯. কার বাগানের শখ?**
ক) মতিন খ) কাদের
গ) ইউনুস ঘ) মোদাব্বের

২০. **'একটি তুলসী গাছের কাহিনী' গল্পের শিক্ষণীয় বিষয়–**

i. মানবিক মূল্যবোধ ii. সাম্প্রদায়িক চেতনা
iii. অসাম্প্রদায়িক চেতনা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি। বাংলা ভাষাকে মাতৃভাষা করার প্রতিজ্ঞায় সেদিন বাংলার দামাল ছেলেরা রাজপথে মিছিল বের করে। সেই মিছিলে গুলি চালায় পুলিশ। শহিদ হন সালাম, বরকতসহ আরো অনেকে।

২১. **উদ্দীপকের বিষয়বস্তুর সাথে তোমার পঠিত কোন রচনার ভাবগত মিল রয়েছে?**

ক অপরাহ্নের গল্প খ কলিমদ্দি দফাদার
গ একুশের গল্প
ঘ একটি তুলসী গাছের কাহিনী

২২. **উদ্দীপকটিতে ফুটে উঠেছে?**

i. ভাষা আন্দোলনে শহিদদের আত্মদান
ii. বাঙালির প্রাণের বিনিময়ে মাতৃভাষার মর্যাদা রক্ষা
iii. মুক্তিযোদ্ধাদের অসীম সাহস

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **'আমার পূর্ব বাংলা কবিতায় কোন রং এর উল্লেখ নেই?**

ক নীল খ হলুদ গ বেগুনি ঘ সবুজ

২৪. **বিরহিনী রাধার দশটি দশার কথা কোথায় প্রকাশিত হয়েছে?**

ক শ্রীকৃষ্ণকীর্তনে খ বৈষ্ণব পদাবলিতে
গ চর্যাপদে ঘ সারদামঙ্গলে

২৫. **নিচের শুদ্ধ বানানটি চিহ্নিত কর।**

ক মুহূর্ত খ মুহুর্ত গ মূহূর্ত ঘ মুহুর্ত

২৬. **কবি কত বছর বয়সে 'আঠারো বছর বয়স' কবিতাটি লিখেছিলেন?**

ক আঠারো বছর বয়সের আগে
খ আঠারো বছর বয়সে
গ আঠারো বছর বয়সের পরে
ঘ আঠাশ বছর বয়সে

২৭. **'জবাকুসুমসঙ্কাশ' শব্দটির অর্থ–**

ক জবাফুলের পাতা খ জবাফুলের কুঁড়ি
গ জবাফুলের মতো ঘ জবাফুলের পাপড়ি

২৮. **কবি সুকান্ত ভট্টাচার্যের সাথে কোন কবির মিল খুঁজে পাওয়া যায়?**

ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ মধুসূদন দত্ত ঘ শামসুর রাহমান

২৯. **'সুকান্ত ভট্টাচার্য রচিত 'ছাড়পত্র' একটি–**

ক বিখ্যাত নাটক খ বিখ্যাত উপন্যাস
গ বিখ্যাত কাব্যগ্রন্থ ঘ বিখ্যাত প্রহসন

**উদ্দীপকটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:**

ওরে সবুজ, ওরে আমার কাঁচা
আধমরাদের ঘা মেরে তুই বাঁচা

৩০. **উদ্দীপকটি কোন রচনার ভাবসদৃশ্য–**

ক একটি ফটোগ্রাফ খ পাঞ্জেরি
গ যৌবনের গান ঘ অর্ধাঙ্গী

৩১. **'আধমরা' বলতে কাদের বোঝানো হয়েছে?**

ক যারা বয়সে তরুণ খ যারা বয়সে বৃদ্ধ
গ যারা বয়সে তরুণ কিন্তু মনে বার্ধক্য
ঘ যারা বয়সে বৃদ্ধ কিন্তু মনে তারুণ

৩২. **কলিমদ্দি দফাদারের বোর্ড অফিসটি কোথায়?**

ক সদর রাস্তা সংলগ্ন খ শীতলক্ষার তীরে
গ রেলস্টেশনের পাশে ঘ হাইস্কুলের পাশে

৩৩. **কলিমদ্দি দফাদারের বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে?**

i. আত্মমর্যাদাশীল ii. রসিক ও দেশপ্রেমিক
iii. সুকৌশলী

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং ৩৪, ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

জীবন যেহেতু ক্ষণস্থায়ী সেহেতু শোক আরো অধিক ক্ষণস্থায়ী। সময়ের ব্যবধানে জীবনের প্রয়োজনে মানুষকে অনেক কিছুই ভুলে যেতে হয়। এটাই জীবনের ধর্ম।

৩৪. **উদ্দীপকের ভাবসদৃশ্য রচনা কোনটি?**

ক একটি ফটোগ্রাফ খ কবর
গ তাহারেই পড়ে মনে ঘ অপরাহ্নের গল্প

৩৫. **জীবনের দাবি শোকের ওপর প্রলেপ ফেলে–**

ক চিরতরে খ সামাজিকভাবে
গ নির্মমভাবে ঘ আমৃত্যু

৩৬. **প্রিয়জনের মৃত্যুশোক নিঃশেষে বিলীন হয় না কখনও–**

ক হৃদয়ে খ বাস্তব জীবনে
গ চিরচেনা পরিবেশে ঘ সংবেদনশীল মনে

৩৭. **জাতিসংঘের এইডস বিষয়ক সংস্থা কোনটি?**

ক NIMOG খ UNIAIDS
গ UNDO ঘ UNDIS

৩৮. **"পাগলা ঘোড়া যে কোন সময় লাগামছাড়া হতে পারে"– এটি কোন রচনার অংশ?**

ক একুশের গল্প
খ দুর্নীতি, উন্নয়নের অন্তরায় ও উত্তরণের পথ
গ একটি তুলসী গাছের কাহিনী
ঘ অপরাহ্নের গল্প

৩৯. **তোমার এলাকায় যাতে এইডস রোগ না ছড়াতে পারে সেজন্য কী করা যেতে পারে?**

ক ধর্মীয় অনুশাসন কে দৃঢ় করা
খ সামাজিক মূল্যবোধ দৃঢ় করা
গ চিকিৎসা ব্যবস্থা উন্নত করা
ঘ এইডস রোগ সম্পর্কে সবাইকে সচেতন করা

৪০. **সমাজ, রাষ্ট্র সভ্যতার উন্নয়নের জন্য জরুরি–**

ক নারীর চেয়ে পুরুষের বেশি অগ্রগতি
খ পুরুষের চেয়ে নারীর বেশি অগ্রগতি
গ নারী পুরুষের মিশ্র অগ্রগতি
ঘ নারী পুরুষের সমান অগ্রগতি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ |
| ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ |
| ২৯ | গ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ঘ | | | | |